কালের কণ্ঠ

তারিখ 04 JUN 2016
পৃষ্ঠা ২

# অপহৃত দুই স্কুল ছাত্র ঢাকা থেকে উদ্ধার

নাটোর ও রাজবাড়ী প্রতিনিধি ▷

নাটোরের লালপুরে অপহৃত দুই স্কুল ছাত্রকে ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার রাতে স্টেশনের ৭ নম্বর প্ল্যাটফর্ম থেকে তাদের উদ্ধার করে রেলওয়ে পুলিশ। গত ২৫ মে থেকে তারা নিখোঁজ ছিল।

অপহৃত রাব্বি হোসেনের বাবা মুকুল হোসেন জানান, লালপুরের আব্দুলপুর মোশাররফ হোসেন উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র রাব্বি হোসেন ও তার মামাতো ভাই করিমপুর উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র রাহেল হোসেন গত ২৫ মে খেলতে গিয়ে নিখোঁজ হয়। পরে মোবাইল ফোনে তাদের পরিবারের কাছে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করে কথিত অপহরণকারীরা। এ অবস্থায় বিকাশের মাধ্যমে তাদের আট হাজার টাকা পাঠানো হয়। মুকুল হোসেন বলেন, 'অপহরণের কয়েক দিন আগে একই গ্রামের বাকীরুল আমাদের আমগাছ থেকে আম চুরি করার সময় রাব্বি ও রাহেল ভূত সেজে তাদের ভয় দেখায়। এতে ক্ষিপ্ত হয়ে বাকীরুলসহ তাদের পরিবারের লোকজন রাব্বি ও রাহেলকে হত্যার হুমকি দেয়।'

মুকুল হোসেন জানান, বৃহস্পতিবার রাত ১টার দিকে অপরিচিত একটি নম্বর থেকে ফোন দিয়ে রাব্বি কমলাপুর রেলস্টেশন থেকে তাদের উদ্ধার করতে বলে। অন্যদিকে কমলাপুর রেলস্টেশনে রাব্বি ও রাহেলের কান্নাকাটি শুনে রেলওয়ে পুলিশ তাদের হেফাজতে নেয়। পরে মুকুল হোসেনকে তারা ফোনে আশ্বস্ত করে। বিষয়টি লালপুর থানা পুলিশকে জানানো হয়েছে।

এ বিষয়ে লালপুর থানার ওসি শরিফুল ইসলাম জানান, তখন যে মোবাইল ফোন থেকে টাকা দাবি করা হয়েছিল, তা রেজিস্ট্রিবিহীন একটি সিম। বর্তমানে সিমটি বন্ধ থাকায় তার অবস্থান নিশ্চিত হওয়া যায়নি। এদিকে জিজ্ঞাসাবাদের জন্য বাকীরুল, মাহিদুল ও সাত্তারকে আটক করা হয়েছে। উদ্ধার হওয়া দুই শিশুকে লালপুর থানায় নিয়ে আসার জন্য ঢাকায় পুলিশ পাঠানো হয়েছে।

**রাজবাড়ীতে আরেক শিশু উদ্ধার**

রাজবাড়ীতে অপহৃত ষষ্ঠ শ্রেণির ছাত্র জোহায়ের আনান স্বপ্নীলকে (১২) উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় গতকাল শুক্রবার সকালে রাজবাড়ী থানায় মামলা করা হয়েছে।

উদ্ধার হওয়া স্বপ্নীলের বাবা জাহিদুর রহমান শাওন জানান, তাদের বাড়ি জেলা শহরের বিনোদপুর নতুনপাড়া এলাকায়। তার বোনের স্বামী মাদকাসক্ত এ কে এম রেজাউল কবির স্বপন সম্প্রতি তাঁর বোনকে বাবার বাড়ি থেকে টাকা এনে দেওয়ার জন্য বেধড়ক মারধর করে। পরে গত ৩১ মে দুপুরে তাঁর ছেলে স্বপ্নীলকে তুলে নিয়ে যায়। স্বপন তখন তাঁর বোন সুমিকে ফোন করে বলে, 'তোর ভাইয়ের ছেলেকে নিয়ে যাচ্ছি। খুন করব। পারলে ঠেকা।' বিষয়টি তখনই রাজবাড়ী থানা পুলিশকে জানানো হয়। পুলিশের তৎপরতায় জেলা শহরের রাবেয়া ক্লিনিকের সামনে থেকে স্বপ্নীলকে উদ্ধার করা হয়।

মামলার তদন্তকারী কর্মকর্তা রাজবাড়ী থানার এসআই খান বিল্লাল বলেন, ঘটনার তদন্ত শুরু হয়েছে। আসামিকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।